

উড়িয়ে আনা হবে রোগী!

মৈনাক সেন



মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর ডাঃ অলোক রায় ও সেননা সিহক বিমানের পাইলট

মাঝরাতে হঠাৎ হার্ট অ্যাটাক। আপনি কোচবিহারে। ঠিক দেড় ঘণ্টার মধ্যে কলকাতায় বিশ্বমানের হাসপাতালে উড়িয়ে এনে শুরু হয়ে যাবে অত্যাধুনিক চিকিৎসা। ধরা যাক রাঁচিতে দুর্ঘটনায় পড়ে জীবনসংশয় কোনও নিকটজনের। সেরা ট্রমা কেয়ার না হলে রোগী কিছুতেই বাঁচবে না। ঠিক দু'ঘণ্টার মধ্যে এখন কলকাতায় এনে লাইফ সাপোর্ট দেওয়া সম্ভব। পূর্ব ভারতের অন্যতম বড় সুপার স্পেশালিটি হাসপাতাল মেডিকা আজ থেকে চালু করল দেশের এ অঞ্চলের জন্য অভূতপূর্ব এক পরিষেবা—পেশেন্ট এয়ারলিফট। গল্পের মতো শোনাচ্ছে? মেডিকা এয়ার অ্যান্ডুলেন্স আজ থেকেই কিস্তি দক্ষিণ শহরতলির বেহালা এয়ারপোর্টে তৈরি— ২৪ x ৭। চার আসনবিশিষ্ট

সেননা সিহক প্লেন। রোগী ছাড়াও তাতে সঙ্গে আসতে পারবেন একজন আত্মীয় এবং একজন ডাক্তার। রোগী উড়িয়ে আনার মতো অবস্থায় না থাকলে কলকাতা থেকে মেডিকার বিশেষজ্ঞ উড়িয়ে নিয়ে যাওয়া হবে। মেডিকা হাসপাতালের চেয়ারম্যান ও এম ডি ডাঃ অলোক রায় জানানেন, এ মুহূর্তে আমরা লক্ষ্মী, কানপুর, পাটনা, গয়া, দ্বারভাঙ্গা, রাঁচি, জামশেদপুর, কোচবিহার, ঝাড়গ্রাম, মেদিনীপুর, বাগডোগরা, আগরতলা, গুয়াহাটি, তেজপুর, জোড়হাট এবং শিলচর থেকে এই ফ্লাইং সার্ভিস অপারেট করতে পারব। তা-ও অবিশ্বাস্য কম দামে। ট্রেনে যেখান থেকে কলকাতা পৌঁছতে হয়ত রাত কাবার হয়ে যেত।

ছবি: দীপক গুপ্ত